

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৬.১৮-৪৯২

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫
১০ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫২২৮/২০১৪ (কনটেম্পট পিটিশন নং-৪৩৮/২০১৮) মামলার গত ১১/০৯/২০১৪ খ্রি. তারিখের রায়ের আলোকে বকেয়া বেতন ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৫/২০১০ তারিখের শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়।

০২। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/ এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে নির্বাচিত এমপিও তালিকা থেকে বাতিল করা হয়।

০৩। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫২২৮/২০১৪ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনের ১১/০৯/২০১৪ খ্রি. তারিখের রায় নিম্নরূপ:


"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabul Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

০৪। উক্ত রিট মামলার রায়ের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৫/০২/২০১৬ খ্রি. তারিখের ৭১ সংখ্যক স্মারকমূলে রায় বাস্তবায়ন করা হলে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে সেপ্টেম্বর/২০১৬ মাসে এমপিওভুক্ত করা হয়।

০৫। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার মহামান্য হাইকোর্টের গত ১১/০৯/২০১৪ খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী বিগত ২০০৯-১০ অর্থবছরের মে/২০১০ হতে আগস্ট/২০১৬ পর্যন্ত বকেয়া এমপিও ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করলে উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৩৮/২০১৮ দায়ের করা হয়।

০৬। যেহেতু উক্ত মাদ্রাসাটি গত সেপ্টেম্বর/২০১৬ মাস হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টের গত ১১/০৯/২০১৪ তারিখের আদেশে উক্ত প্রতিষ্ঠানটি ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্তির নির্দেশনা রয়েছে সেহেতু ২০০৯-২০১০ অর্থবছরের মে/২০১০ হতে আগস্ট/২০১৬ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫২২৮/২০১৪ মামলার ১১/০৯/২০১৪ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলাধীন বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসা'র শিক্ষক-কর্মচারীদের অনুকূলে মে/২০১০ হতে আগস্ট/২০১৬ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতা'র সরকারি অংশ বর্তমান বাজেট হতে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ০৮/০১/২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতকরণসহ বাস্তবায়নের বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।


(মো: জাহাজীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২


মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২১৬.১৮- ৪৯২

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫
১০ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ১০। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ১১। সভাপতি, বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা-কটিয়াদী, জেলা-কিশোরগঞ্জ।
- ১২। সুপার, বাইরকান্দি বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা-কটিয়াদী, জেলা-কিশোরগঞ্জ।


(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৭৫২৭২